



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ বরিশাল-১৮২/ ২৩৭৩

তারিখ : ৭ /০৮/২০১৭খ্রিঃ


বিষয় : ম্যানেজিং কমিটির অভিভাবকের শূন্য পদ পূরণ পূর্বক বোর্ড হতে অনুমোদন গ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ ১) নং- বামাশিবো/প্রশা/ বরিশাল-১৮২/১৬৩০; তারিখ : ৩০/০৭/২০১৭খ্রিঃ
২) স্মারক নং- উনিঅকা/বাবু/২০১৭-১৬; তারিখঃ ০৪/০১/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলাধীন জম্বিলা খাতুন দাখিল মাদরাসার সুপার এর বিরুদ্ধে জনৈক মোঃ সুলতান বয়াতী একখানা অভিযোগপত্র দাখিল করেন। অভিযোগপত্রে সুপার প্রকৃত অভিভাবক নয় এমন ব্যক্তিদেরকে অভিভাবক সদস্য পদে নির্বাচন দেখিয়ে গোপনে ম্যানেজিং কমিটি গঠন করেছেন মর্মে উল্লেখ করা হয়েছে।

২) অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ১নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশালকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাবুগঞ্জ, বরিশাল এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রোক্ত ২নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, ছাত্র অধ্যয়নরত থাকাকালীন মোঃ আলতাফ হোসেন, ভোটার নং-১০০ এবং মোহাম্মদ আব্দুস সালাম, ভোটার নং- ৫৮ অভিভাবক সদস্য হিসেবে নির্বাচিত হন। পরবর্তীতে তাদের সন্তান অন্য প্রতিষ্ঠানে চলে যাওয়ায় বিদ্যমান প্রবিধান অনুযায়ী তাদের সদস্য পদ বাতিল হয়ে যায় মর্মে উল্লেখ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৩১ ধারা অনুযায়ী উক্ত শূন্য পদসমূহ পূরণ করে বোর্ড হতে অনুমোদন গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


০৬.০৮.১৭

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮



✓ প্রাপকঃ সুপার, জম্বিলা খাতুন দাখিল মাদরাসা, বাবুগঞ্জ, বরিশাল।

নং- বামাশিবো/প্রশা/ বরিশাল-১৮২/

তারিখ : /০৮/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল।
২. জেলা শিক্ষা অফিসার, বরিশাল।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাবুগঞ্জ, বরিশাল।
৪. সভাপতি, ম্যানেজিং কমিটি, জম্বিলা খাতুন দাখিল মাদরাসা, বাবুগঞ্জ, বরিশাল।
৫. জনাব মোঃ সুলতান বয়াতী, গ্রাম ও পোঃ বাবুগঞ্জ, বরিশাল।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা